

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-২৭/২০২৩
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ১৩/০৩/২০২৩ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র, নথি নং-এস-১৫-২২/জেনারেল/ লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৩)/১৮৭২২(কাস), তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

উক্ত পত্রে বর্ণিত সিএন্ডএফ এজেন্ট এর তালিকা সম্মানিত সদস্যদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে।


মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

Web:www.chc.gov.bd, E-mail: customhousectg@gmail.com

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৩)/১৮৭২২(কাস)

তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ

বিষয়: অফিস আদেশ নং- ১০/নমুনা/কাস/২০০৫(অংশ-০১)/৩৪০, তারিখ: ২৫/০৯/২০০৭ খ্রিঃ. অমান্য করায় সিএন্ডএফ এজেন্ট এর বিরুদ্ধে কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ।

- সূত্র: (১) কাস্টম হাউস, চট্টগ্রাম এর নথি নং- এস ৫-০১/নমুনা/আমদানি/কাস/২০০৮২০২২(অংশ-২)/১৪৪৮৭(কাস), তারিখ- ১৯/০২/২০২৩ খ্রিঃ।
(২) কাস্টম হাউস, চট্টগ্রাম এর নথি নং- এস ১০/নমুনা/কাস/২০০৫/(অংশ-১)/৩৪০, তারিখ-২৫/০৯/২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। সূত্রীয় (২) নং আদেশ অনুযায়ী আমদানিকৃত মালের সঠিক প্রকৃতি নির্ণয় ও শ্রেণিবিন্যাসের লক্ষ্যে শতভাগ কায়িক পরীক্ষার পর নমুনা জেট কাস্টম হতে কাস্টম হাউসের নমুনা শাখায় প্রেরণ করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট ফ্রপের প্রয়োজনীয় কার্যক্রমের জন্য সিএন্ডএফ প্রতিনিধিগণ নমুনা শাখা থেকে উক্ত নমুনা গ্রহণ করে থাকে। দীর্ঘদিন ধরে লক্ষ্য করা যাচ্ছে যে অধিকাংশ সিএন্ডএফ প্রতিনিধিগণ তাদের বি/ই সংশ্লিষ্ট নমুনা গ্রহণ না করায় শাখায় নমুনা সংরক্ষিত অবস্থায় থেকে যাচ্ছে। এতে করে নমুনা শাখায় নমুনার দীর্ঘ জট সৃষ্টি হয়েছে যার ফলে নমুনা ব্যবস্থাপনা ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়িয়েছে।
- ৩। অফিস আদেশ নং- ১০/নমুনা/কাস/২০০৫/(অংশ-১)/৩৪০, তারিখ: ২৫/০৯/২০০৭ খ্রি. এর অনুলেখন- 'খ' এ পরীক্ষিত/অপরীক্ষিত নমুনা আমদানিকারক/তীর প্রতিনিধি কর্তৃক চূড়ান্ত শুদ্ধায়নের ০৩ (তিন) দিনের মধ্যে ফেরত গ্রহণপূর্বক বি/ই আউট পাশ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত কার্যক্রম না করলে লাইসেন্স শাখা থেকে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিধান উল্লেখ রয়েছে। বর্তমানে সিএন্ডএফ এজেন্ট কর্তৃক কাস্টম হাউস, চট্টগ্রামে উক্ত আদেশ অনুসরণ না করার কারণে নমুনা শাখায় নমুনা সংরক্ষণ ও ব্যবস্থাপনা ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়িয়েছে এবং এ বিষয়ে যে সকল সিএন্ডএফ এজেন্ট আদেশ পরিপালন করছেন না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য সূত্রোক্ত (১) পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, যে সকল সিএন্ডএফ প্রতিনিধিগণ তাদের নমুনাসমূহ শুদ্ধায়নের ০৩ দিনের মধ্যে নমুনা শাখা থেকে গ্রহণ করেন নাই, সে সকল সিএন্ডএফ এজেন্ট এর তালিকা প্রস্তুত করা হয়েছে (তালিকা সংযুক্ত)। বর্ণিতব্যবস্থায়, সূত্রোক্ত (২) নং আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট সিএন্ডএফ প্রতিনিধিগণকে শুদ্ধায়নের ০৩ (তিন) দিনের মধ্যে নমুনা ফেরত নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং সংযুক্ত তালিকায় উল্লিখিত এজেন্টগণকে আদেশ পরিপালনের জন্য বলা হলো। অন্যথায় কাস্টমস এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি আপনার এসোসিয়েশনের সদস্যভুক্ত সকল সিএন্ডএফকে অবহিতকরণপূর্বক আদেশের যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মুহাম্মদ মাহফুজ আলম)

ডেপুটি কমিশনার

ও

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে

নথি নং- এস-১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৩)/১৮৭২২(কাস)

তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ।